# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**11 OCTOBER 2025** **7:35—7:40 AM**

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুনদিল্লীতে কৃষি ও সংশ্লিষ্ট ক্ষেত্রের একাধিক প্রকল্পের সূচনা ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন । কৃষি ক্ষেত্রে শ্রী মোদী ধন ধান্য যোজনা ও শস্য ক্ষেত্রে আত্মনির্ভরশীলতা অভিযানের সূচনা করবেন ।এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী কৃষকদের সংগে মত বিনিময় ও করবেন । এই কার্যসূচী কৃষকদের কল্যান , কৃষি আত্মনির্ভরশীলতা ও গ্রামীন পরিকাঠামো শক্তিশালী করবে বলে আশা করা হচ্ছে ।

---------------------------------------------------------------

এদিকে আজ ১০ টায় শ্রীভুমি জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে প্রধানমন্ত্রী ধন ধান্য কৃষি যোজনার সরাসরি সম্প্রচার অনুষ্ঠান দেখানো হবে ।

---------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা বলেছেন যে মহিলা উদ্যমিতা প্রকল্পটি আসামের মাতৃ জাতির প্রতি রাজ্য সরকারের মর্যাদা , সম্মান এবং স্নেহের প্রতীক । গতকাল ডিব্রুগড়ে আয়োজিত এক জনসমাবেশে এই প্রকল্পের অধীনে চেক বিতরণ কার্যসূচির শুভারম্ভ করে ভাষণ প্রসঙ্গে ডক্টর শর্মা এই মন্তব্য করেন । তিনি বলেন যে ২০২০ সাল থেকে রাজ্যে অব্যাহত থাকা অরুণোদয় প্রকল্প সম্পর্কে সমগ্র রাজ্যবাসী অবগত রয়েছেন । আসাম অরুণোদয় প্রকল্প আরম্ভ করার পর চত্তিশগড় , মধ্যপ্রদেশ , কর্ণাটক এবং মহারাষ্ট্র সরকারও অনুরূপ প্রকল্প রূপায়ন করার সিদ্ধান্ত নিয়েছে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে পশ্চিমবঙ্গ সরকারও আসামের অরুণোদয় প্রকল্পের অনুকরণে লক্ষীভাণ্ডার নামে একটি প্রকল্প সেখানে বাস্তবায়িত করেছে । তিনি বলেন যে নারী শক্তির মর্যাদা এবং মহিলা সাবলীকরণের বিষয়টির প্রতি লক্ষ্য রেখে রূপায়ণ করা অরুণোদয় প্রকল্পের ন্যায় আসাম সরকার মহিলা উদ্যমিতা অভিযান নামে এই নতুন প্রকল্পটি আরম্ভ করেছে । মুখ্যমন্ত্রী বলেন যে আসামের মহিলারা আজ এক জাগ্রত শক্তিতে রূপান্তরিত হয়েছে । বর্তমানে আসামের ৪০ লক্ষ মহিলা স্বনির্ভর গোষ্ঠীর সঙ্গে যুক্ত রয়েছেন এবং এই ৪০ লক্ষ স্বনির্ভর গোষ্ঠীই রাজ্যে সক্রিয় রয়েছে । অরুণোদয়

প্রকল্পের আর্থিক সহায়তা যেভাবে বৃদ্ধি পেয়ে চলেছে একই ভাবে মহিলা উদ্যমিতা প্রকল্পের অধীনে প্রদেয় আর্থিক সহায়তার পরমাণও বৃদ্ধি পাবে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে মহিলারা এই অর্থ সঠিকভাবে ব্যবহার করলে ভবিষ্যতে তারা আরো বেশি আর্থিক সহায়তা লাভ করবেন ।

---

পুলিশ বিভাগে ৫ হাজার ৬শো ১৪ টি পদের পরীক্ষার ফলাফল আজ বেলা সাড়ে ১১ টায় ঘোষনা করা হবে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা একথা জানিয়েছেন । এদিকে চতুর্থ শ্রেনীর পদের জন্য আয়োজিত পরীক্ষার ফল আগামী ১৫ অক্টোবর ঘোষনা করা হবে ।

---

সিংগাপুরে জুবিন গার্গের রহস্যজনক মৃত্যুর ঘটনার তদন্তকারী গোষ্ঠী গতকাল শিল্পীর দেহরক্ষী নন্দেশ্বর বরা ও পরেশ বৈশ্যকে গ্রেপ্তার করেছে । গ্রেপ্তারের পর বিশেষ তদন্তকারী দল দুজনকে কামরূপ মহানগর জেলা মূখ্য ন্যায় দন্ডাধীশের  আদালতে হাজির করে । আদালত অভিযুক্ত দেহরক্ষীদের ৫ দিনের জন্য তদন্তকারী গোষ্ঠীর জিম্মায় প্রেরণ করেছে । দুই দেহরক্ষী নন্দেশ্বর বরা ও পরেশ বৈশ্যের ব্যাঙ্ক একাউন্টের মাধ্যমে বিগত বছরে কোটি টাকার লেনদেন হয়েছিলো । সেসম্পর্কে তদন্তকারী দল বেশকয়েকদিন ধরে  জিজ্ঞাসাবাদের পর গতকাল দুজনকে গ্রেপ্তার করেছে । উল্লেখ্য নন্দেশ্বর বরা ২০১৮ সাল থেকে এবং পরেশ বৈশ্য ২০২৩ সাল থেকে জুবিন গার্গের দেহরক্ষী হিসেবে নিযুক্ত ছিলেন ।

---

আসাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড.রাজীব মোহন পন্থকে ন্যাশনেল এসেসমেন্ট অ্যান্ড এক্রেডিশন কাউন্সিল (ন্যাক ) এর কার্যকরী সমিতির সদস্য হিসেবে মনোনীত করা হয়েছে। বিশ্ব বিদ্যালয় মঞ্জুরী কমিশন ( ইউ জি সি ) র চেয়ারম্যান তথা ন্যাকের সাধারণ পরিষদের সভাপতি শ্রী পন্থকে মনোনীত করেন ।

---

আসাম সরকারের সাংস্কৃতিক সঞ্চালকালয় ২০২৫-২৬ বর্ষের জন্য আহ্বান জানানো আসাম শিল্পী পেনশন ও বিশেষ পরিবার পেনশন তথা বার্ষিক শিল্পী সম্মানের জন্য আবেদনের দিন বৃদ্ধি করেছে । আগে ১০ অক্টোবরের মধ্যে পেনশনের জন্য আবেদন দাখিল করতে বলা হলেও সম্প্রতি অনলাইন আবেদন পত্র দাখিলের শেষ দিন ২০ অক্টোবর পর্যন্ত পিছিয়ে দেওয়া হয়েছে । আগ্রহী ব্যাক্তিরা ২০ অক্টোবর রাত ১২ টার মধ্যে অনলাইনের মাধ্যমে আবেদন করতে পারবেন ।

--------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা সংস্থার উদ্যোগে আয়োজিত সিনিয়র লীগ কাম  নক আউট ফুটব প্রতিযোগীতার আজকের দ্বিতীয় সেমি ফাইনাল খেলায় চন্দ্রপুর এফ সি দল , ইয়ং স্টার ক্লাবের মুখোমুখি হবে । নেতাজী সুভাষ চন্দ্র বসু ষ্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের প্রথম সেমি ফাইনাল খেলায় স্পোর্টিং ইউনিয়ন ক্লাব ৩-২ গোলে ব্লাড মাউথ এথলেটিক ক্লাবকে পরাজিত করেছে ।

--------------------------------------------------------------------------------------